অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/21/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

অল্পবয়স্ক নিউ ইয়র্কবাসীদের মধ্যে টিকাকরণের হার বৃদ্ধি করার জন্য রাজ্যের #VAXTOSCHOOL ক্যাম্পেইনের অংশ হিসেবে 12 সপ্তাহ জুড়ে 120-টি পপ-আপ টিকাকরণ সাইটের কথা ঘোষণা করেছেন গভর্নর কুওমো

সাইটগুলি স্টেটের 12 থেকে 17 বছর বয়স্কদের মধ্যে টিকাকরণের হার বৃদ্ধি করার লক্ষ্য সমর্থন করে

পিতামাতা এবং অভিভাবকদের জন্য প্রস্তুত করা সংস্থান সহ ny.gov/vaxtoschool এ নতুন ওয়েবসাইট, #VaxtoSchool ইভেন্টগুলি হোস্ট করছে এমন স্কুল এবং এলাকাগুলির জন্য

#VaxtoSchool পপ-আপ সাইটগুলি কম কোভিড-19 টিকার হার সহ জায়গগুলিতে খোলা হবে 12 থেকে 17 বছর বয়সীদের জন্য এবং #VaxtoSchool ভ্যানগুলি ভ্রাম্যমান টিকাকরণ প্রদান করবে

অল্পবয়স্ক নিউ ইয়র্কবাসীদের মধ্যে টিকাকরণের হার বৃদ্ধি করার জন্য রাজ্যের #VaxtoSchool ক্যাম্পেইনের অংশ হিসেবে 12 সপ্তাহ জুড়ে 120-টি পপ-আপ টিকাকরণ সাইট নিউ ইয়র্ক জুড়ে উপস্থাপিত হবে বলে ঘোষণা করেছেন গভর্নর হোচুল। পরের 12 সপ্তাহ ধরে, রাজ্য স্বাস্থ্য দপ্তর স্থানীয় এলাকা, সম্প্রদায়-ভিত্তিক সংস্থা এবং স্বাস্থ্য কেন্দ্রগুলির সাথে কাজ করবে এই নতুন সাইটগুলি রাজ্যের সমস্ত অঞ্চলগুলিতে প্রতিষ্ঠা করার জন্য, যা এই এলাকার মানুষদের মধ্যে উল্লেখযোগ্যভাবে টিকাকরণের হার বৃদ্ধি করার জন্য রাজ্যের লক্ষ্যকে সমর্থন করবে। স্টেটের সাথে অংশীদারিত্বে, প্রতিটি অঞ্চল প্রতি সপ্তাহে দুটি করে ইভেন্টের আয়োজন করবে, এবং অংশীদার, আয়োজক সাইট, এবং আউটরিচ প্রচেষ্টাগুলি যে সম্প্রদায়গুলিকে পরিষেবা প্রদান করার জন্য তাদের প্রস্তুত করা হয়েছে, তাদের প্রয়োজনগুলি সব চেয়ে ভালোভাবে পূরণ করার জন্য নিজস্বকৃত করা হবে।

"চার সপ্তাহ আগে গভর্নর হওয়ার সময় থেকে আমি এটা স্পষ্ট করে দিয়েছি যে আমাদের প্রয়োজন শিশু, শিক্ষক এবং কর্মীদের নিরাপদে স্কুলে ফিরিয়ে আনা," **গভর্নর হোচুল বলেন।** "এই পপ-আপ টিকাকরণ সাইটগুলির সাথে, আমরা আমাদের #VaxtoSchool ক্যাম্পেইনকে আরো জোরদার করছি রাস্তায় এবং যে সব সম্প্রদায়গুলিতে অল্প বয়স্ক নিউ ইয়র্কবাসীদের মধ্যে টিকাকরণের হার পিছিয়ে আছে সেই সম্প্রদায়গুলিতে প্রবেশ করছি যাতে আমরা যত বেশি সম্ভব পরিবরগুলির কাছে পৌঁছতে পারি এবং আমাদের স্কুলগুলিকে আমাদের

শিক্ষার্থী এবং কর্মীদের জন্য আরো নিরাপদ করতে পারি।"

স্টেট স্কুলে যাওয়ার বয়সী নিউ ইয়র্কবাসীদের মধ্যে কোভিড-19 টিকা দেওয়ার ক্রমবর্ধমান হারকে সমর্থন করার জন্য বহুমুখী রাজ্যব্যাপী #VaxtoSchool ক্যাম্পেইন চালু করার কথা ঘোষণা করেছে, যা শিক্ষার্থীদের, শিক্ষকদের এবং পরিবারগুলির স্বাস্থ্য ও কল্যাণকে অগ্রাধিকার দেওয়ার জন্য গভর্নরের অঙ্গীকারকে আরো অগ্রসর করে।

স্কুলে যাওয়ার বয়সী নিউ ইয়র্কবাসীদের বাবা-মা এবং অভিভাবকদের কোনো প্রশ্নের উত্তর দিতে প্রতিটি সাইটে একজন সম্প্রদায়-ভিত্তিক চিকিৎসা পেশাদারকে পাওয়া যাবে। নতুন সাইটগুলির পাশাপাশি, আরো একটি টিকা প্রদানের প্রবেশাধিকার প্রদান করার সরঞ্জাম শুরু করা হচ্ছে, #VaxtoSchool বাস - ভ্রাম্যমান টিকাকরণ প্রচেষ্টা - সুবিধাজনক, স্কুলকেন্দ্রিক এলাকায় রাজ্যব্যাপী চালু করা হচ্ছে, যেমন বাস্কেটবল কোর্ট এবং পার্কের মতো জন বিনোদনমূলক স্থানগুলিতে। এটি স্কুলে যাওয়ার বয়সী নিউ ইয়র্কবাসী এবং তাদের পরিবারগুলির জন্য টিকা উপলব্ধ এবং সহজলভ্য করতে সাহায্য করবে - তার যেখানে আছেন সেখানে তাদের সাথে মিলিত হয়ে, এবং এমনভাবে যা তাদের কাছে বিশ্বাসযোগ্য হবে।

এই প্রচারাভিযানের অংশ হিসাবে, গভর্নর হোচুল একটি **নতুন**, নিবেদিত ওয়েবসাইট চালু করার কথা ঘোষণা করেছেন ny.gov/vaxtoschool-এ, স্কুলে যাওয়ার বয়সী নিউ ইয়র্কবাসীদের বাবা-মা এবং অভিভাবকদের এবং স্কুল সম্প্রদায়গুলির জন্য। নতুন সাইটিতে আছে বাবা-মা এবং অভিভাবকদের জন্য তথ্য , এবং একটি প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী, সেই সাথে বহু প্রস্তুত করা সাইনেজ স্কুলের নেতাদের জন্য তাদের স্থানীয় সম্প্রদায়গুলিতে #VaxtoSchool এর শিক্ষা এবং ক্রিয়াকলাপকে সমর্থন করার জন্য। সাইটটি নতুন তথ্য দিয়ে হালনাগাদ করা অব্যাহত থাকবে #VaxtoSchool ক্যাম্পেইন সম্পর্কে, পপ-আপ সাইট এবং প্রণোদনার প্রচেষ্টা সহ, - যেমন সাম্প্রতিক গভর্নরস বলের সাথে অংশীদারিত্ব, যেখানে 125-টি বিনামূল্যের টিকিট প্রণোদনা হিসেবে দান করা হয় স্টেটের #VaxtoSchool কর্মসূচীকে সমর্থন করার জন্য।

রাজ্য একটি নতুন ইনস্টাগ্রাম চ্যানেল চালু করেছে, @VaccinateNY, স্কুলে যাওয়ার বয়সী নিউ ইয়র্কবাসী এবং তাদের পরিবারগুলিকে সরাসরি কোভিড-19 টিকা সম্পর্কে শিক্ষিত করার জন্য। নতুন সোশ্যাল মিডিয়া পেজটি সহজেই বোঝা যায় এমন টিকার তথ্য, ইন্টারঅ্যাক্টিভ বিষয়বস্তু প্রদান করে সম্ভাব্য কন্টেন্ট পার্টনারশিপ, #VaxtoSchool সংবাদ ও সোশ্যাল মিডিয়া ডিজাইন প্রতিযোগিতা এবং দ্রুত ব্যাখ্যাকারী ভিডিওর মাধ্যমে যাতে নিশ্চিত করা যায় যে নিউ ইয়র্কবাসীদের কোভিড-19 সম্পর্কে তথ্য প্রদান করার জন্য আমাদের প্রচেষ্টায় যেন কোন কসুর না থাকে। ডিপার্টমেন্ট অফ হেলথও (Department Of Health, DOH) ফেসবুক, ইনস্টাগ্রাম এবং টুইটার সহ তাদের সমস্ত চ্যানেল জুড়ে এই ডিজিটাল শিক্ষার প্রচেষ্টাকে আরও বাড়িয়ে তুলবে।

12 থেকে 17 বছর বয়সী শিশুরা Pfizer (ফাইজার)-বায়োএনটেক কোভিড-19 টিকা পেতে সক্ষম, যা 12 থেকে 15 বছর বয়সী শিশুদের জন্য জরুরী ব্যবহারের অনুমোদনের অধীনে উপলব্ধ এবং 16 বছর বা তার বেশি বয়সীদের জন্য সম্পূর্ণভাবে অনুমোদিত। অন্যান্য কোভিড-19 টিকা এখনও এই বয়সের গোষ্ঠীর জন্য অনুমোদিত বা কতৃত্বপ্রাপ্ত নয়। আপনি যদি স্কুলে যাওয়া বয়সী নিউ ইয়র্কবাসীর বাবা-মা বা অভিভাবক হন, তাহলে আপনি vaccines.gov এও

যেতে পারেন, আপনার জিপ কোড 438829 নম্বরে পাঠাতে পারেন, অথবা 1-800-232-0233 এ কল করতে পারেন আপনার নিকটতম একটি টিকাকরণের অবস্থান খুঁজে পেতে। নিশ্চিত করুন যে প্রদানকারী ফাইজার-বায়োএনটেক কোভিড-19 টিকা প্রদান করে।

বাবা-মায়েদের উৎসাহিত করা হয় তাদের সন্তান সমস্ত প্রস্তাবিত এবং প্রয়োজনীয় টিকার ক্ষেত্রে হালনাগাদ আছে তা নিশ্চিত করতে। অনুগ্রহ করে স্বাস্থ্য দপ্তরের ওয়েবসাইট দেখুন প্রস্তাবিত শৈশব এবং কৈশোরের টিকা সম্পর্কে আরও তথ্যের জন্য।

###

অতিরিক্ত সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন